

স্মারক নং-৩১.২০.৩০০০.০২১.১৮.০৫৫.২২-১৮২

তারিখ : ১৩ ফাল্গুন ১৪৩২
০৫ মার্চ ২০২৬

“গণবিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফেনী জেলার সোনাগাজী উপজেলার ওলামা বাজার-নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার আঞ্চলিক সড়ক সংযোগ রক্ষাকারী সেতু হিসেবে সাহেবেরঘাট ব্রীজটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাহেবেরঘাট ব্রীজ সংলগ্ন ছোট ফেনী নদী পথে পাশ্ববর্তী জেলা হতে বালু সরবরাহ ও পরিবহন করার কারণে বর্তমানে সাহেবেরঘাট ব্রীজ হমকির পর্যায়ে রয়েছে এবং স্থানীয় জনগণ ব্যাপক ভোগান্তির শিকার হচ্ছেন। এর পরিপ্রেক্ষিতে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠিত হয় এবং তদন্ত কমিটির প্রতিবেদন এবং সড়ক বিভাগ, ফেনী এর প্রতিবেদন অনুযায়ী সরকারি সম্পদ রক্ষার্থে সোনাগাজী উপজেলার ওলামা বাজার-নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার আঞ্চলিক সড়ক এবং তৎসংলগ্ন সাহেবেরঘাট ব্রীজ এর উপর দিয়ে পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত ছোট ফেনী নদী হতে সড়ক বা নৌ পথে যে কোন ধরনের বালু নিয়ে সংশ্লিষ্ট সড়কের ধারে স্তুপ করা, বালু সরবরাহ বা পরিবহন এবং সেতুর উপর দিয়ে ২০ টনের অত্যধিক বোঝাই করা (Overloaded) যানবাহন চলাচল সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হলো। বর্ণিত এলাকায় মজুদকৃত বালু স্থানান্তরের বিষয়ে পরবর্তীতে নির্দেশনা প্রদান করা হবে।

এমতাবস্থায়, যদি কোনো ব্যক্তি বা গোষ্ঠী এই নিষেধাজ্ঞা অমান্য করে উল্লিখিত সড়ক ও ব্রীজের উপর দিয়ে বালু সরবরাহ বা পরিবহন এবং ছোট ফেনী নদী হতে অবৈধভাবে বালু উত্তোলন অব্যাহত রাখে, তবে তাদের বিরুদ্ধে "বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০" এবং বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। স্থানীয় নাগরিকগণকে এ ধরনের নিষিদ্ধ কার্যক্রমের তথ্য পাওয়া মাত্রই উপজেলা প্রশাসন অথবা আইনশৃঙ্খলা বাহিনীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

Manira
০৫/০৬/২৬

(মনিরা হক)

জেলা প্রশাসক

ফেনী

ফোন: ০২৩৪৪৭৪০০০

dcfeni@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতির/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

০৩। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।

০৪। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা।

০৫। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৬। পুলিশ সুপার, ফেনী

০৭। উপজেলা নির্বাহী অফিসার, সোনাগাজী, ফেনী (সর্বসাধারণের অবগতির জন্য গণবিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো)

০৮। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড/সওজ, ফেনী (সর্বসাধারণের অবগতির জন্য গণবিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো)

০৯। উপ-পরিচালক, পরিবহন অধিদপ্তর, জেলা কার্যালয়, ফেনী।

১০। সহকারী কমিশনার (ভূমি), সোনাগাজী, ফেনী। (সর্বসাধারণের অবগতির জন্য গণবিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো)

১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

১২। নোটিশ বোর্ড, অত্রাফিস।

১৩। অফিস/মাস্টার কপি।